পদায়ন নিয়ে ক্ষুব্ধ অতিরিক্ত পুলিশ সুপার রেজাউল করিম



অতিরিক্ত পুলিশ সুপার রেজাউল করিম। ছবি: সংগৃহীত

LENS ASIA

পদায়ন নিয়ে ক্ষোভ ও আক্ষেপ প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার রেজাউল করিম বলেছেন, ১৫ বছরের চাকরিতে ৯ বছর ডাম্পিং পোস্টিংয়ে থেকেও সততা ও নিয়ম মেনে কাজের মূল্যায়ন পাননি। ফেসবুক পোস্টে তিনি বলেন, এই বিভাগে আমার আর প্রয়োজন নেই বলে মনে হচ্ছে।

অতিরিক্ত পুলিশ সুপার রেজাউল করিম আক্ষেপ করে এক ফেসবুক পোস্টে লিখেন, 'আমার কাজ আর বাংলাদেশ পুলিশের প্রয়োজন নেই।'


পুলিশ ডিপার্টমেন্টে কেন ভালো কাজ করতে কর্মকর্তারা উৎসাহিত হন না, তার আরেকটি উদাহরণ তৈরি হয়েছে তার পোস্টিংয়ের মাধ্যমে বলে উল্লেখ করেন তিনি। আলহামদুলিল্লাহ, বিগত ১৫ বছরের চাকরিতে ৯ বছর ডাম্পিং পোস্টিংয়ে ছিলেন জানিয়ে রেজাউল করিম বলেন, বিষয়টি নিয়ে তিনি কিছু মনে করেননি, এখনো করবেন না।

তিনি লিখেন, 'শুধু এটুকু বলব, এই ডিপার্টমেন্ট তেলবাজদের জন্যই ফিট। আমার মত উচিত কথা বলা, সাহস নিয়ে সত্য বলা, নিয়ম মেনে কাজ করা অফিসারের কদর এই ডিপার্টমেন্ট করতে পারবে না।'

১০০ শতাংশ সততা ও স্বচ্ছতা নিয়ে কাজ করার পরও এমন ফল পেতে হলে তার আর কিছু বলার নেই বলেও উল্লেখ করেন তিনি। এই ডিপার্টমেন্ট তার জন্য নয় জানিয়ে রেজাউল করিম লিখেন, অন্যায়কে মেনে নেওয়ার চেয়ে সংযুক্ত থাকাই শ্রেয়। 'আমার আর বোধ হয় চাকরি করা হল না' বলেও পোস্টে উল্লেখ করেন তিনি।

পোস্টের একটি অংশে নিজের পদায়নের কারণ সম্পর্কেও ব্যাখ্যা দেন রেজাউল করিম। তিনি লিখেন, 'অনেকেই জানতে চাইবেন আসলে কেন এই অর্ডার। আমি যতটুকু জানতে পেরেছি কয়েকদিন আগে আমাদের পদায়ন নিয়ে যুগান্তরে একটি নিউজ হয়েছিল সেটা আমি শেয়ার দিয়েছিলাম, আর পুলিশ হেডকোয়ার্টার্সের একজন সিনিয়র অফিসার এটা নিয়ে আমাকে জিজ্ঞেস করলে আমি তার জবাব দিয়েছিলাম।'

তিনি আরও লিখেন, পরে ওই শেয়ার করা নিউজটি ডিলিট করে দিয়েছিলেন। কিন্তু এরপরও তাকে সংযুক্ত করা হয়েছে। তার ভাষায়, 'এটাই বাংলাদেশ পুলিশে কাজের মূল্যায়ন।'



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পুলিশ-১ শাখা
www.moha.gov.bd

নম্বর:-৪৪.০০.০০০০.০০০.০৯৪.১৯.০০৭৫.২৫-৬২৬ তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

প্রজ্ঞাপন

বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হলো:

ক্রম.	কর্মকর্তার নাম, বিপি, পদবি ও বর্তমান কর্মস্থল	বদলি/পদায়নকৃত কর্মস্থল
১.	জনাব মো: হুমায়ুন কবির (বিপি-৭৩০১০০৯৯৯১) ডিআইজি, পিবিআই	অতিরিক্ত মহাপরিচালক (ডিআইজি) র‍্যাব
২.	জনাব মো: হুমায়ুন কবীর (বিপি-৭৪০১০৫৭২১৬) অতিরিক্ত ডিআইজি (সুপারনিউমারারি ডিআইজি) পুলিশ স্টাফ কলেজ, ঢাকা	অতিরিক্ত ডিআইজি (সুপারনিউমারারি ডিআইজি) পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩.	জনাব মো: তোফায়েল আহমেদ মিয়া (বিপি-৭১০৫১০৬৫৩৭) অতিরিক্ত ডিআইজি, রেলওয়ে পুলিশ, ঢাকা	যুগ্মপুলিশ কমিশনার ডিএমপি, ঢাকা
৪.	জনাব মোহাম্মদ নাজমুল আলম, পিপিএম (বিপি-৭৭০৫১০২৪৭৩) পুলিশ সুপার (সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি), এপিবিএন	উপপুলিশ কমিশনার (সুপারনিউমারারি অতিরিক্ত ডিআইজি) ডিএমপি, ঢাকা
৫.	জনাব মো: রেজাউল করিম (বিপি-৮২১১৪২৫১০) অতিরিক্ত পুলিশ সুপার (সুপারনিউমারারি পুলিশ সুপার), এসবি, ঢাকা	অতিরিক্ত পুলিশ সুপার (সুপারনিউমারারি পুলিশ সুপার) এপিবিএন ও বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি-তে সংযুক্ত

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
২৫/০৮/২৬
তৌহিদ আহমেদ
উপসচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৪৫৩১
(police1@moha.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ।
৩. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (পুলিশ অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিবের মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,.....।
৯. সহকারী প্রোগ্রামার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

পোস্টের শেষদিকে বাংলাদেশ পুলিশ এবং তথাকথিত ভালো কর্মকর্তাদের ভালো থাকার প্রত্যাশা জানিয়ে তিনি লেখেন, 'ভাল থাকুক বাংলাদেশ পুলিশ, ভাল থাকুক সেই সকল তথাকথিত ভাল অফিসাররা।'

LENS ASIA